দৈনিক ইত্তেফাক

তারিখ ............ পৃষ্ঠা ৩ কলাম ৭

# হলে উঠিতে ব্যর্থ বৈধ ছাত্র-ছাত্রীদের কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করার পরামর্শ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গত কয়েকদিনে ঢাকা বিশ্ববিদ্যালয়ে উদ্ভূত পরিস্থিতি পর্যালোচনায় গত সোমবার ভিসি অধ্যাপক আজাদ চৌধুরীর সভাপতিত্বে প্রভোষ্ট স্ট্যান্ডিং কমিটির এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, যদি রাজনৈতিক বা ভিন্ন কারণে কোন বৈধ ছাত্র-ছাত্রী হলে উঠিতে ব্যর্থ হয় তবে তাহারা যেন হল প্রভোষ্ট, বিশ্ববিদ্যালয় প্রক্টর বা ভিসির সহিত যোগাযোগ করে। ইহাছাড়া যেসব ছাত্র-ছাত্রী রাজনৈতিক কারণে ক্যাম্পাসে থাকিতে পারিতেছে না এমন ছাত্র-ছাত্রীর তালিকাও সংশ্লিষ্ট ছাত্র সংগঠনকে জমা দিতে বলা হইয়াছে। অপর এক (১৩শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## হলে উঠিতে ব্যর্থ বৈধ

(৩য় পৃঃ পর)

প্রস্তাবে বহুকষ্টে অর্জিত বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ বজায় রাখা ও পাঠ্যক্রম চালাইয়া যাওয়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করা হয়। এজন্য সকল ছাত্র সংগঠনের সহযোগিতা কামনা করা হয়। ইহাছাড়া শিক্ষার পরিবেশ সুষ্ঠু রাখার স্বার্থে সকল ছাত্র সংগঠনের সহিত বৈঠকে বসার ব্যাপারেও সভায় প্রস্তাব করা হয়। নিরাপত্তার স্বার্থে সকল ছাত্র-ছাত্রীকে পরিচয়পত্র সঙ্গে রাখার জন্য বলা হইয়াছে।